



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৮ অক্টোবর ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

ইউপিডিএফের সাবেক সদস্য দীলিপ সেন চাকমাকে গ্রেফতারের নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা আজ সোমবার ২৮ অক্টোবর ২০১৯ এক বিবৃতিতে ভোর রাত ২:৩০ টার দিকে কাউখালীর ডেবাছড়ি গ্রামের নিজ বাড়ি থেকে ইউপিডিএফের সাবেক সদস্য দীলিপ সেন চাকমাকে(৪৫) গ্রেফতারের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

তিনি বলেন আটকের পর তাকে (পিতার নাম নবীন কুমার চাকমা) শারীরিকভাবে নির্যাতন করা হয়েছে।

ইতিপূর্বে তাকে দুইবার গ্রেফতার করা হয়েছিল জানিয়ে ইউপিডিএফ নেতা বলেন কয়েক বছর আগে পার্টির কাজ থেকে ইস্তফা দেওয়ার পর দীলিপ ডেবাছড়িতে একটি চায়ের দোকান দিয়ে কোন রকমে জীবিকা নির্বাহ করছেন।

তাকে আটকের সময় গ্রেফতারকারী দলের সদস্যরা একই গ্রামে সাবেক ইউপি মেম্বার বিদ্যা নয়ন চাকমাসহ (৪২) ৪/৫টি বাড়িতে তল্লাশী চালায় বলে বিবৃতিতে তিনি উল্লেখ করেন।

ইউপিডিএফ নেতা সচল চাকমা অবিলম্বে দীলিপ সেন চাকমাকে মুক্তি এবং রাজনৈতিক দমনপীড়নের অংশ হিসেবে ধরপাকড় বন্ধের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।